সোনাউল্লা সভাপতি, কামাল সাধারণ সম্পাদক

আলমডাঙ্গা পৌরসভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা ও পৌর আওয়ামী লীগ নেতৃবৃন্দ সোনাউল্লাকে সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী কামাল হোসেনকে সাধারণ সম্পাদক করে কমিটি ঘোষনা করেন।

কমিটি ঘোষনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পৌর আওয়ামী লীগের সভাপতি আবু মুসা।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ-উজ-জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক, যুবলীগ নেতা সাইফুর রহমান পিন্টুসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সভায় সোনা উল্লাহকে সভাপতি ও কামাল হোসেনকে সাধারণ সম্পাদক মনোনীত করে পৌর সভার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার আকন্দবাড়িয়ায় গার্ড ওয়াল নির্মাণ কাজে অনিয়মের অভিযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া গাংধার পাড়া থেকে শামসুল ইসলাম সড়ক পযন্ত রাস্তা ও গার্ড ওয়াল কাজে ব্যাপক কারচুপির অভিযোগ উঠেছে।

এলাকাবাসি সাথে সাথে প্রতিবাদ করে গার্ড ওয়ালগুলো ভেঙ্গে ফেলে। এলাকাবাসি অভিযোগ করে বলেছে গার্ড ওয়ালে যেভাবে বালু সিমেন্ট দেওয়ার কথা না দিয়ে গুজা মিল দিয়ে তৈরি করছে গার্ড ওয়াল। এ ভাবে দেখে গ্রামবাসি সাথে সাথে গার্ড ওয়ালগুলো খুলে খুলে দেখায় সাংবাদিকসহ জন প্রতিনিধির কাছে।

সাথে সাথে গ্রামবাসি কাজ বন্ধ করে দেয়। এলাকাবাসি আরও অভিযোগ করে বলেন দুর্নীতিবাজ ঠিকাদার আরিফ হোসেন মিস্ট্রি সাথে যোগসাজে দিয়ে এভাবে চালিয়ে যাচ্ছে দুই নং ইট বালু ও সিমেন্ট না দিয়ে তার ইচ্ছা মত চাল্লাছে রাস্তার কাজ।

এ বিষয়ে দুর্নীতিবাজ ঠিকাদারকে জিজ্ঞেস করলে এ প্রতিবেদকে তিনি বলেন আমার যে মিস্তিরি কাজ করছে সে ভুল করে এগুলো করছে। আমি সব আবার ঠিক করে দিব।

জানা গেছে আকন্দবাড়িয়া গাংধার পাড়া থেকে আকন্দবাড়িয়া মাঝপাড়া পযন্ত গার্ড ওয়াল নির্মাণ কাজে প্রায় ১ কোটি ৩৪ লাখ টাকা ব্যায়ে রাস্তাসহ টেন্ডার পায় ঠিকাদার আরিফ হোসেন। এ কাজে সিডিউল মোতাবেক না করে দুর্নীতিবাজ ঠিকাদার আরিফ হোসেন নিয়ম না মেনে তার কাজ চাল্লাছে ইচ্ছা মতো।

এ এলাকাবাসী বলেছে ঠিকমত কাজ না করলে এ কাজ বন্ধ থাকবে। এ রাস্তাটি নতুন করে মেরামত করলে কিছুটা দুভোগ কমবে সাধারণ মানুষের। এ বিষটি খতিয়ে দেখে তদন্ত পৃর্বক ব্যাবস্থা নেবেন বলে এল জি ডি কতৃপক্ষের কাছে জোর দাবি জানিয়েছে গ্রামবাসি।

- নিজস্ব প্রতিনিধি

দামুড়হুদা মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় দু’টি বোমা উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা চিৎলা-গোবিন্দহুদার ছটাংগার মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় দু’টি সবুজ টেপ দিয়ে মোডানো বোমা

উদ্ধার করেছে দামুড়হুদা মডেল থানার পুলিশ।

বৃহস্পিতিবার বেলা ১১টার দিকে মাঠের ভুট্টা ক্ষেত থেকে এই বোমা উদ্ধার করা হয়।
স্থানীয়রা জানায়, সকালে কৃষকরা মাঠে কৃষি কাজ করতে গিয়ে একটি পলিথিনের বস্তায় বোমা স্বাদৃষ্য বস্তু দেখে দামুড়হুদা মডেল থানায় খবর দেয়।

খবর পেয়ে বেলা ১১টার দিকে থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে বোমা দুটি উদ্ধার করে বালতিতে পানি ভিতর বোমা ভিজিয়ে রেখে নষ্ট করা হয়েছ্ ◌ে। পরে দামুড়হুদা-জীবননগর সার্কেল আবু রাসেল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার বিশ্বাস ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, এই বোমা কে বা কারা এখানে কি কারনে রেখেছে তা এখনই বলা সম্ভব হচ্ছে না। তদন্ত চলছে তদন্ত শেষে সব জানা যাবে।

- দর্শনা প্রতিনিধি

দামুড়হুদায় ফেন্সিডিলসহ একজন আটক, ট্রাক জব্দ

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে চুয়াডাঙ্গা-দশর্নার মহাসড়কের লোকনাথপুর ফায়ার সার্ভিস অফিসের নিকট থেকে ৬০ বোতল ফেনসিডিল ও ট্রাকসহ মাদক ব্যবসায়ী আকিদুলকে
(৪০) আটক করেছে।

আটককৃত মাদক ব্যবসায়ী আকিদুল ফরিদপুর জেলার মধুখালী থানার বাঘাটপশ্চিম পাড়ার মৃত আমিউদ্দিন আলীর ছেলে। বুধবার দিবাগতরাত ২ টার দিকে তাকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সুকুমার বিশ্বাস জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার দিবা গতরাতে থানার

ইন্সপেক্টর ওসি (তদন্ত) কে, এম জাহাঙ্গীর কবির নেতৃত্বে এসআই কামরুল হাসান সঙ্গীয় ফোর্সসহ চুয়াডাঙ্গা-দশর্না সড়কে ফায়ারসার্ভিস এলাকায় ওৎ পেতে থাকে রাত ২ টার দিকে চুয়াডাঙ্গা গামী একটি ট্রাক (নং-

ঢাকা মেট্রো ১৪-১২২১) ফায়ার সার্ভিসের নিকট থেকে আটক করে।
পরে ট্রাক তল্লাশি করে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করে। দামুডহুদা থানারওসি (তদন্ত) ওসি কে, এম জাহাঙ্গীর কবির ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।

- দর্শনা প্রতিনিধি

গাঁজাসহ স্বামী-স্ত্রী আটক

চুয়াডাঙ্গা সদর উপজেলার হিজলগাড়ী এলাকা থেকে দুই কেজি গাঁজাসহ স্বামী-স্ত্রীকে আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদে হিজলগাড়ী ফাঁড়ি পুলিশ এ মাদকবিরোধী অভিযান চালায়।

আটককৃতরা হলেন, দর্শনা প্রতাপপুরের আব্দুল কাদেরের ছেলে মিলন আলী
(২৫) ও তার স্ত্রী রুবিনা খাতুন (২০)।
হিজলগাড়ী ফাঁড়ি পুলিশের ইনচার্জ এসআই প্রভাস চন্দ্র সাহা জানান, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার দুপুরে হিজলগাড়ী-দর্শনা সড়কে অভিযান চালানো হয়।

এসময় একটি ব্যাটারিচালিত ভ্যানের যাত্রী রুবিনা খাতুনের ব্যাগ তল্লাশী করে স্কচ টেপ দিয়ে জড়ানো অবস্থায় দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। এরপর রুবিনার সাথে থাকা তার স্বামীসহ আটক করা হয়।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ, যাত্রীদের দুর্ভোগ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে।

পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা।

তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।

শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।

চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’

তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।

সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন

“তোমার অপেক্ষায় বাংলাদেশ” এই শিরোনামে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর ৫৪তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করে।

গতকাল বুধবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ কর্মসূচী পালন করা হয়। জেলা বিএনপির মাসুদ অরুনের সভাপতিত্বে অনুষ্ঠান অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, আনছারুল হক প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস। অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৫৫তম জন্মদিন উপলক্ষে চুয়াডাঙ্গায় আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী শরীফুজ্জামান শরীফের নির্দেশনায় গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ছয়টায় জেলা বিএনপির দলীয় কার্যায়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর সিরাজুল ইসলাম মনি।

জেলা জাসাস-এর সাধারণ সম্পাদক মো. সেলিমুল হাবিব সেলিমের উপস্থাপনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু, জেলা মৎস্যজীবী দলের যুগ্ম আহ্বায়ক কামরুজ্জামান বাবলু ও চুয়াডাঙ্গা পৌর

বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সাবেক আহ্বায়ক খালিদ মাহমুদ মিল্টন, মহিলা দলের নেত্রী ও পৌর কাউন্সিলর শেফালী বেগম, পৌর ৩ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি কুদ্দুস মহলদার, সাধারণ সম্পাদক সোহেল, আলুকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মো. মিজানুর রহমান মিজান, আব্দুল হান্নান, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি মো. হাফিজুর রহমান মুক্ত, শামসুল হক ঝণ্টু, প্রচার সম্পাদক মাবুদ সরকার, শিল্পবিষয়ক সম্পাদক শাহাজামাল, তাঁতীবিষয়ক সম্পাদক মহাসিন আলী, হাসান আলী, রুবেল হাসান, রাজিব হাসান, হাফিজ উদ্দিন হ্যাপি, তুহিন ইসলাম, আব্দুল লতিফুফতো, বাবলু রহমান, রনি হোসেন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আরিফুআহমেদ শিপ্লব, মেহেদী হাসান সোহাগ, সোহেল সিদ্দিকী সোহেল, ইকবাল আহমেদ, শামিউজ্জামান মিশা, মো. রাজা, জিতু হাসান, কনক, মেহেদী, মাহাবুব, শান্ত, সোহাগ, মিনারুল, আরমান লিমন প্রমুখ।

আলোচনা সভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের দীর্ঘায়ু কামনা করে দোয়া করা হয়।

- প্রতিদিন ডেস্ক

দর্শনা পুলিশের পৃথক পৃথক অভিযানে ইয়াবা ও ফেনসিডিলসহ ৩ জন গ্রেফতার

দর্শনা পুলিশ দিনভর মাদক বিরোধী অভিযান চালিয়ে ইয়াবা ও ফেনসিডিলসহ ৩ জন কে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় গত মঙ্গলবার দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ সুকুমার বিশ্বাসের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা বিভিন্ন জায়গায়।

এ সময় দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রর ইন্সপেক্টর শেখ মাহবুবুর

রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা ফুড গোডাউনের রাস্তার উপর।

এ সময় পুলিশ কুষ্টিয়া সদর থানার চৌড়হাঁস পাড়ার শহিদুল ইসলামের ছেলে মেহরাব হসান ওরফেুমাহমুদুল হাসান(২২) কে ১০ বোতল ফেনসিডিল সহ তাকে গ্রেফতার করে।

অপরদিকে দর্শনা পৌরসভার পাঠান পাড়ায় মাদক বিরোধী অভিযান চালিয়ে আব্দুল কুদ্দুসের ছেলে ইয়াবা ব্যাবসায়ী মুন্না(২৭) কে ১৮ পিচ ইয়াবাসহ তাকে গ্রেফতার করে।

পরে দর্শনা পৌরসভার দক্ষিণ চাঁদপুরে এস আই জাকির হোসেন ও এ এস আই মারুফুঅভিযান চালিয়ে ওয়ারেন্ট ভুক্ত আসামী আয়নাল হকের ছেলে হাসান তারেক (২৬) কে দর্শনা আজমপুর থেকে গ্রেফতার করেছে। গতকালই তাদের বিরুদ্ধে পুলিশ বাদি হয়ে মাদক আইনে মামলা সহ, আদালতে সোপর্দ করেছে।

- দর্শনা প্রতিনিধি

কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন গতকাল বুধবার বিকাল ৩ ঘটিকার সময় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চত্তরে অনুষ্ঠিত হয়।
কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আবুল হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ০১ আসনের মাননীয় সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার সেলুন।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ- সভাপতি ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।
বিশেষ অতিথি হিসাবে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রহমতুল্লাহ, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক

মাসুদুজ্জামান লিটু, অনুষ্ঠানে উদ্বোধক হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাবেক জেলা পরিষদ প্রশাসক মাহফুজ্রু রহমান মঞ্জু। এসময় আরো উপস্থিত ছিলেন দর্শনা পৌর আওয়ামী লীগের দপ্তর সম্পাদক দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান আলী মুনসুর বাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সাংগঠনিক সিরাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পারকৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, গোলাম ফারিক আরিফ। কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগ ডা. ফজলুল হক, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন বিপু, সাধারণ সম্পাদক কামরুজ্জামান রিপন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজ কচি, যুগ্ম সম্পাদক শরীফ রতন, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন যুবলীগের প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মেহেদী হাসান মিলন, জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি রুবাইত বিন আজাদ সুস্থির, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক সাজেদুল বিশ্বাস মিঠু, কুড়ুলগাছি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি রমজান, সাধারণ সম্পাদক ফারুক, সাংগঠনিক সম্পাদক আশরাফুল, কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি কামরুজ্জামান রানা, সহ-সভাপতি তুহিন, সাধারণ সম্পাদক সানাউল কবির শিরিন, ফরহাদ হোসেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওসমান গনি।
পরে সভায় সর্বসম্মতি ক্রমে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাবিবুল্লাহ বাহারকে সভাপতি ও কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সরোয়ার হোসেন কে সাধারণ সম্পাদক করে নাম ঘোষণা করা হয়।

-কার্পাসডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর ও চুয়াডাঙ্গায় তৃতীয় দিনের মত বাস ও ট্রাক চলাচল বন্ধ

সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে মেহেরপুর ও চুয়াডাঙ্গাতে তৃতীয় দিনের মতো যাত্রীবাহী বাস চলাচল বন্ধ রয়েছে। পূর্ব ঘোষণা ছাড়াই সোমবার (১৮ নভেম্বর) দুপুর থেকে অনির্দিষ্টকালের জন্য বাস চলাচল বন্ধ করে দেন তারা। তৃতীয় দিনে এর সাথে যুক্ত হয়েছে ট্রাক ও কাভার্ডভ্যান। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ ও দূরপাল্লার যাত্রীরা।
শ্রমিকরা জানায়, নতুন সড়ক আইন বাস্তবায়নের প্রতিবাদে যশোর, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গার পরিবহন শ্রমিকরা সকাল থেকে স্বেচ্ছায় বাস চলাচল বন্ধ করে দেন। এতে সকাল থেকে অসংখ্য যাত্রী টার্মিনাল, বাসস্ট্যান্ড ও কাউন্টার গুলোতে এসে দীর্ঘ সময় অপেক্ষা করে ফিরে যাচ্ছেন।
চুয়াডাঙ্গা জেলা বাস-ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এম. জেনারেল ইসলাম বলেন, ‘শ্রমিকরা কাউকে ইচ্ছা করে হত্যা করে না। অনিচ্ছাকৃত দুর্ঘটনার জন্য নতুন সড়ক আইনে তাদের ঘাতক বলা হচ্ছে। নতুন আইনের অনেক ধারার ব্যাপারে শ্রমিকদের আপত্তি রয়েছে, সেগুলো বিবেচনায় নিয়ে সংশোধন করতে হবে।’
তিনি আরও জানান, সরকার সমাধানের কোনো উদ্যোগ না নেওয়ায় তারা আন্দোলনে নামতে বাধ্য হয়েছে।
সড়কে মোটরসাইকেল চলাচলের সংখ্যাও কমে গেছে। তবে প্রাইভেটকার, মাইক্রোবাস, ইজিবাইক, নসিমন-করিমন ছাড়াও ছোট যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে।
– চুয়াডাঙ্গা প্রতিনিধি